Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 28 May, 2025

লালমনিরহাটের বিভিন্ন সীমান্তে পুশইনের চেষ্টা করেছে ৫৪ ভারতীয় নাগরিক।বিজিবি ও এলাকাবাসীর প্রতিরোধে এসব ভারতীয় ভোররাত থেকে শুন্যরেখায় অবস্থান নিয়েছে।

বুধবার(২৮ মে) লালমনিরহাট জেলার ৪টি উপজেলার বিভিন্ন সীমান্তে পুশইনের চেষ্টা করছে ভারতীয়রা।

সীমান্তবাসী ও বিজিবি জানায়, ভোররাত থেকে জেলার ৪টি উপজেলার বিভিন্ন সীমান্তে পুশইন করার চেষ্টা করছে ভারতের আসাম রাজ্যের কিছু মুসলিম।তাদের সীমান্তের শুন্য রেখায় ফেলে চলে যায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী(বিএসএফ)।এ অবস্থা দেখে পুশইন রোধে সীমান্তে কঠোর সতর্ক ভাবে অবস্থান নেয় বডার গার্ড বাংলাদেশ(বিজিবি)।এ সময় বিজিবিকে সাহস দিতে তাদের পাশে লাঠি হাতে দাড়িয়েছে এলাকাবাসী।ফলে ভোররাত থেকে চেষ্টা করেও ওইসব ভারতীয় আসাম রাজের মানুষ বাংলাদেশে প্রবেশ করতে পারেনি।

তবে শুন্যরেখা অবস্থান নেয়াদের বরাত দিয়ে স্থানীয়রা জানান, শুন্যরেখায় যারা অবস্থান নিয়েছে তারা বলেছেন, তারা সকলে আসাম রাজ্যের নাগরিক।সেখানে তাদের জায়গা জমি বাড়ি গাড়ি রয়েছে।তাদের পরিচয়পত্র কেড়ে নিয়ে শুন্যরেখায় ফেলে গেছে বিএসএফ)

এ ঘটনায় বুধবার দুপুর ১২-৪০ মিনিটে ব্যাটালিয়ন অধিনায়ক পর্যায়ে পতাকা বৈঠকের আহবান জানিয়েছে বিজিবি।৯২৪ নং মেইন পিলার এলাকায় পতাকা বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে বলে এক প্রেস বিজ্ঞাপ্তিতে জানিয়ে বডার গার্ড বাংলাদেশ (বিজিবি) লালমনিরহাট ১৫ ব্যাটালিয়নের অধিনায়কের কার্যালয়।

বডার গার্ড বাংলাদেশ(বিজিবি) রংপুর সেক্টর কমান্ডার কর্নেল সাব্বির আহম্মেদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, পুশইন রোধে সতর্ক রয়েছে বিজিবি। পতাকা বৈঠক শেষে বিস্তারিত জানা যাবে।

লালমনিরহাট ভারত ভোররাত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 10 June, 2025 23:48

URL: https://timestodaybd.com/public/across-the-country/3057717912